

বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড

দুগ্ধ ভবন, প্রধান কার্যালয়, ১৩৯-১৪০, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

টেলিফোন নং-০২-৮৮৭০৪৪৪-৪৫ (পিএবিএক্স), ইমেইল : info@milkvita.org



স্মারক নং-মিই/প্রশা-৪৬/৯/২০১৭/৮৪৪

তারিখ : ১৩/০৬/২০১৭ খৃঃ


নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা) এর নিম্নবর্ণিত শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। পদের নাম, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য তথ্যের বিবরণ নিম্নরূপ :

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বয়স
০১	নিরাপত্তা প্রহরী (প্রাথমিক শ্রমিক)	টাকা ৮২৫০-২০০১০	সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসহ কমপক্ষে ৮ম শ্রেণী পাশ ও সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ সেনাবাহিনী/ নৌবাহিনী/ বিডিআর/ আনসার/ পুলিশ বাহিনীর অবসরপ্রাপ্তদের হতে দক্ষ ও অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার দেওয়া হবে।	ন্যূনতম ১৮ বৎসর

শর্তাবলী :

- ১। ব্যবস্থাপনা পরিচালক বরাবর লিখিত আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, নিজ জেলা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা, ধর্ম, যোগাযোগের মোবাইল ফোন নম্বর উল্লেখপূর্বক সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- ২। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, অন্যান্য সনদপত্র (যদি থাকে), জাতীয় পরিচয়পত্র এবং স্ব-স্ব ইউনিয়নের/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত চারিত্রিক সনদ এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ৩। আবেদনপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) “বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড” বরাবর জমাদান করতে হবে।
- ৪। এ নিয়োগ প্রক্রিয়ায় লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। প্রাথমিক যাচাইয়ে যোগ্য বাছাইকৃত প্রার্থীদের জন্য লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ প্রদান করা হবে।
- ৫। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৬। উপরে বর্ণিত বেতন স্কেল ছাড়াও মিল্ক ইউনিয়নের প্রযোজ্য ভাতাদিসহ অন্যান্য সুযোগ সুবিধা প্রাপ্য।
- ৭। চাহিত সকল সনদপত্রসহ আবেদনপত্র অবশ্যই আগামী ০৬/০৭/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসযোগে/সরাসরি তেজগাঁও প্রধান কার্যালয়ে পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৮। নিয়োগকারী কর্তৃপক্ষ পদের সংখ্যাসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন বিষয় সংশোধন/পরিবর্তন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


ব্যবস্থাপনা পরিচালক